রেজিস্টার্ড নং ডি এ-১ ২০২৬ সনের ১১ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বৃহস্পতিবার, মার্চ ১২, ২০২৬**

## সূচীপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ২৭৯—২৮৬ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীম কোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলি ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ২৯৩—৩১২ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীম কোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারী চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ২৯৩—৩০৪ |
| ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারী ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| **ক্রোড়পত্র—সংখ্যা** | |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ..............ইং তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**অর্থ মন্ত্রণালয়**

**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**শুল্ক-১ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ২২ মাঘ ১৪৩২/০৫ ফেব্রুয়ারি ২০২৬

নং **০৮.০০.০০০০.০৩৮.৬৫.০০০৫.২৫.১২**—যেহেতু, জনাব মোঃ সবুজ মিয়া, রাজস্ব কর্মকর্তা (সাময়িক বরখাস্তকৃত), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা গত ২৪ জুন ২০২৫ তারিখ রাজস্ব ভবনের প্রবেশ পথে অবস্থান করে জাতীয় রাজস্ব বোর্ডের ২২ জুন ২০২৫ তারিখের ০৮.০১.০০০০.০০০.০১৯. ০০০১.২১.৩৩ নং স্মারকমূলে জনস্বার্থে জারীকৃত বদলির আদেশ আইনসংগত কারণ ব্যতিরেকে অবজ্ঞাপূর্বক ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়ার সামনে প্রকাশ্যে ছিঁড়ে ফেলার মাধ্যমে ঔদ্ধত্যপূর্ণ আচরণ করেন এবং এর মাধ্যমে বদলি আদেশ অমান্যকারীকে সমর্থন করেন; এবং

০২। যেহেতু, সরকারি চাকরি আইন, ২০১৮ এর ধারা ৩৯(১) মোতাবেক তাঁকে অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ১৫ জুলাই ২০২৫ খ্রি. তারিখের ২১৪ নং প্রজ্ঞাপনমূলে সরকারি চাকরি থেকে সাময়িক বরখাস্ত করা হয়; এবং

০৩। যেহেতু, একজন সরকারি কর্মচারী হিসেবে তাঁর এরূপ আচরণ গর্হিত, শিষ্ঠাচার বহির্ভূত এবং শৃঙ্খলার জন্য হানিকর, যা সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী "অসদাচরণ" এর শামিল; এবং

০৪। যেহেতু, উল্লিখিত অপরাধে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী "অসদাচরণ" এর অভিযোগে বিভাগীয় মামলা (মামলা নম্বর: ০২/২০২৫) রুজু করে ১৪ আগস্ট ২০২৫ তারিখের ০৮.০০.০০০০.০৩৮.৬৫.০০০৫.২৫.১১ নং স্মারকের মাধ্যমে অভিযোগ বিবরণী ও অভিযোগনামা প্রণয়নপূর্বক তাঁর নিকট প্রেরণ করা হয়; এবং

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: **www.bgpress.gov.bd**

০৫। যেহেতু, তিনি ১১ সেপ্টেম্বর ২০২৫ তারিখে অভিযোগ বিবরণী ও অভিযোগনামার জবাব দাখিল করেন। তাঁর আবেদনের পরিপ্রেক্ষিতে ১৮ সেপ্টেম্বর ২০২৫ তারিখ ব্যক্তিগত শুনানির দিন ধার্য করা হয়। ব্যক্তিগত শুনানিঅন্তে তাঁর বিরুদ্ধে বর্ণিত বিভাগীয় মামলায় গুরুদণ্ড আরোপের পর্যাপ্ত ভিত্তি রয়েছে মর্মে প্রতীয়মান হওয়ায় ন্যায় বিচারের স্বার্থে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৭(৩) অনুযায়ী আনীত অভিযোগ তদন্তের জন্য জবাব মুন্সী হারুনর রশিদ (২০০২৩৬), কর কমিশনার (চলতি দায়িত্ব), কর আপীল অঞ্চল-২, ঢাকা-কে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়; এবং

০৬। যেহেতু, তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন অনুযায়ী জবাব মোঃ সবুজ মিয়া, রাজস্ব কর্মকর্তা (সাময়িক বরখাস্তকৃত), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা এর বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ (২)(ঘ) মোতাবেক তাঁর মূল বেতন ০৩(তিন) ধাপ অবনমিতকরণের লঘুদণ্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে;

০৭। সেহেতু, জনাব মোঃ সবুজ মিয়া, রাজস্ব কর্মকর্তা (সাময়িক বরখাস্তকৃত), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা এর বিরুদ্ধে আনীত অভিযোগ, বিভাগীয় মামলার তদন্ত প্রতিবেদন ও সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনাক্রমে বর্ণিত 'অসদাচরণ (Misconduct)' এর অভিযোগ, সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাঁকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ (২)(ঘ) মোতাবেক বেতন গ্রেডের ০৩(তিন) ধাপ অর্থাৎ বর্তমান মূল বেতন ২৯,৫১০/-টাকার ০৩(তিন) ধাপ নিম্নতর ২৫৪৮০/-টাকায় মূল বেতন অবনমিতকরণের লঘুদন্ড প্রদান করা হলো। একই সাথে এ বিভাগের ১৫ জুলাই ২০২৫ তারিখের ০৮.০০.০০০০.০০০.০৩৮.৬৫. ০০০৫.২৫.২১৪ নম্বর প্রজ্ঞাপনমূলে জনাব মোঃ সবুজ মিয়া, রাজস্ব কর্মকর্তা (সাময়িক বরখাস্তকৃত), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা-কে চাকরি হতে সাময়িক বরখাস্তকরণ সংক্রান্ত আদেশটি প্রত্যাহার করা হলো।

০৮। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ: ২৫ মাঘ ১৪৩২/০৮ ফেব্রুয়ারি ২০২৬

নং **০৮.০০.০০০০.০৩৮.৬৫.০০০৭.২৫.১৩**—যেহেতু, জনাব মোঃ শফিউল বশর, রাজস্ব কর্মকর্তা, বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (সাময়িক বরখাস্তকৃত), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা গত ২৪ জুন ২০২৫ তারিখ রাজস্ব ভবনের প্রবেশ পথে অবস্থান করে জাতীয় রাজস্ব বোর্ডের ২২ জুন ২০২৫ তারিখের ০৮.০১.০০০০.০০০.০১৯. ০০০১.২১.৩৩ নং স্মারকমূলে জনস্বার্থে জারীকৃত বদলির আদেশ আইনসংগত কারণ ব্যতিরেকে অবজ্ঞাপূর্বক ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়ার সামনে প্রকাশ্যে ছিঁড়ে ফেলার মাধ্যমে ঔদ্ধত্যপূর্ণ আচরণ করেন এবং এর মাধ্যমে বদলি আদেশ অমান্যকারীকে সমর্থন করেন; এবং

০২। যেহেতু, সরকারি চাকরি আইন, ২০১৮ এর ধারা ৩৯(১) মোতাবেক তাঁকে অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ১৫ জুলাই ২০২৫ খ্রি. তারিখের ২১৫ নং প্রজ্ঞাপনমূলে সরকারি চাকরি থেকে সাময়িক বরখাস্ত করা হয়; এবং

০৩। যেহেতু, একজন সরকারি কর্মচারী হিসেবে তাঁর এরূপ আচরণ গর্হিত, শিষ্টাচার বর্হিভূত এবং শৃঙ্খলার জন্য হানিকর, যা সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী "অসদাচরণ" এর শামিল; এবং

০৪। যেহেতু, উল্লিখিত অপরাধে তঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী "অসদাচরণ" এর অভিযোগ বিভাগীয় মামলা (মামলা নম্বর: ০৩/২০২৫) রুজু করে ১৪ আগস্ট ২০২৫ তারিখের ০৮.০০.০০০০. ০৩৮.৬৫.০০০৭.২৫.১২ ও ১৩ নং স্মারকের মাধ্যমে অভিযোগ বিবরণী ও অভিযোগনামা প্রণয়নপূর্বক তাঁর নিকট প্রেরণ করা হয়; এবং

০৫। যেহেতু, তিনি ১১ সেপ্টেম্বর ২০২৫ তারিখে অভিযোগ বিবরণী ও অভিযোগনামার জবাব দাখিল করেন। তাঁর আবেদনের পরিপ্রেক্ষিতে ১৮ সেপ্টেম্বর ২০২৫ তারিখ ব্যক্তিগত শুনানির দিন ধার্য করা হয়। ব্যক্তিগত শুনানিঅন্তে তাঁর বিরুদ্ধে বর্ণিত বিভাগীয় মামলায় গুরুদণ্ড আরোপের পর্যাপ্ত ভিত্তি রয়েছে মর্মে প্রতীয়মান হওয়ায় ন্যায় বিচারের স্বার্থে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা , ২০১৮ এর বিধি ৭(৩) অনুযায়ী আনীত অভিযোগ তদন্তের জন্য জনাব মুন্সী হারুনর রশিদ (২০০২৩৬), কর কমিশনার (চলতি দায়িত্ব), কর আপীল অঞ্চল-২, ঢাকা-কে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়; এবং

০৬। যেহেতু, তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন অনুযায়ী জনাব মোঃ শফিউল বশর, রাজস্ব কর্মকর্তা, বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (সাময়িক বরখাস্তকৃত), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা এর বিরুদ্ধে আনীত 'অসদাচরণ' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ (২)(ঘ) মোতাবেক তাঁর মূল বেতন ০৩(তিন) ধাপ অবনমিতকরণের লঘুদণ্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে;

০৭। সেহেতু, জনাব মোঃ শফিউল বশর, রাজস্ব কর্মকর্তা, বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (সাময়িক বরখাস্তকৃত), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা এর বিরুদ্ধে আনীত অভিযোগ, বিভাগীয় মামলার তদন্ত প্রতিবেদন ও সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনাক্রমে বর্ণিত 'অসদাচরণ (Misconduct)' এর অভিযোগ, সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাঁকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ (২)(ঘ) মোতাবেক বেতন গ্রেডের ০৩(তিন) ধাপ অর্থাৎ বর্তমান মূল বেতন ২৯,৫১০/-টাকার ০৩(তিন) ধাপ নিম্নতর ২৫৪৮০/-টাকায় মূল বেতন অবনমিতকরণের লঘুদণ্ড প্রদান করা হলো। একই সাথে এ বিভাগের ১৫ জুলাই ২০২৫ তারিখের ০৮.০০.০০০০.০০০.০৩৮.৬৫. ০০০৫.২৫.২১৫ নম্বর প্রজ্ঞাপনমূলে জনাব মোঃ শফিউল বশর, রাজস্ব কর্মকর্তা (সাময়িক বরখাস্তকৃত), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা-কে চাকরি হতে সাময়িক বরখাস্তকরণ সংক্রান্ত আদেশটি প্রত্যাহার করা হলো।

০৮। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ আবদুর রহমান খান,** এফসিএমএ
সচিব।

---

**কর-১ শাখা**
**প্রজ্ঞাপন**
তারিখ: ২৩ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ/০৭ জানুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ

নং **০৮.০০.০০০০.০০০.০৩৭.৬৫.০০৮৫.২৫.১৫**—স্বাস্থ্য সেবা বিভাগের অধীন সহকারী ডেন্টাল সার্জন পদ হতে এ বিভাগের অধীনস্থ জাতীয় রাজস্ব বোর্ডের আওতাধীন কর অঞ্চল-২৪, ঢাকায় "সহকারী কর কমিশনার" পদে কর্মরত মিজ্ ফারহানা রহমান এর চাকরির ধারাবাহিকতা রক্ষা এবং বেতন সংরক্ষণের বিষয়ে বাংলাদেশ সার্ভিস রুলস (১ম খণ্ড) এর বিধি-৪২ এবং বিধি ৩০০(বি) অনুযায়ী মোট পেনশনযোগ্য চাকুরিকাল গণনা ও বেতন নির্ধারণের লক্ষ্যে নিম্নোক্ত শর্তে পূর্বতন চাকরির (২৮/০৪/২০২৪ হতে ১৪/০১/২০২৫) ধারাবাহিকতা সংরক্ষণ করা হলো:

**শর্তসমূহ:**

(১) পূর্ব পদের চাকরিকাল পেনশনের জন্য গণনার ক্ষেত্রে 'অসাধারণ' ছুটি থাকলে উক্ত অসাধারণ ছুটিকালীন সময় গগণা করা যাবে না;

(২) বর্তমান পদে পূর্বে পদের চাকরিকাল জ্যেষ্ঠতার জন্য গণনা করা যাবে না।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আতিকুল ইসলাম**
সিনিয়র সহকারী সচিব।

---

**প্রজ্ঞাপন**

তারিখ : ২২ মাঘ ১৪৩২/০৫ ফেব্রুয়ারি ২০২৬

নং **০৮.০০.০০০০.০০০.০৩৭.৬৫.০০৮৯.১৮.০৪**—যেহেতু, মিজ মোসাঃ নুশরাত জাহান শমী (২০০৬৩৮), উপ কর কমিশনার (সাময়িক বরখাস্তকৃত), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা; উপ কর কমিশনার হিসাবে কর অঞ্চল-রংপুরে কর্মরত থাকাকালে গত ২৪ জুন ২০২৫ তারিখ আনুমানিক সকাল ১১:৩০ ঘটিকায় রাজস্ব ভবনের প্রবেশ পথে অবস্থান করে জাতীয় রাজস্ব বোর্ডের ২২ জুন ২০২৫ তারিখের ০৮.০১.০০০০.০০০.০১৯.০০০১.২১.৩৩ নং স্মারকমূলে জারীকৃত বদলির আদেশ আইনসংগত কারণ ব্যতিরেকে অবজ্ঞাপূর্বক ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়ার সামনে প্রকাশ্যে ছিড়ে ফেলার মাধ্যমে ঔদ্ধত্যপূর্ণ আচরণ করেন এবং এর মাধ্যমে বদলি আদেশ অমান্যকারীকে সমর্থন করেন; এবং

যেহেতু, তাঁর উক্তরূপ কার্যকলাপ/আচরণ চাকুরি শৃঙ্খলার জন্য হানিকর, শিষ্টাচার বহির্ভূত ও সরকারি আদেশ অবজ্ঞাকরণের শামিল যা 'সরকারি কর্মচারী আচরণ বিধিমালা, ১৯৭৯' এর ৩০এ বিধির লংঘন এবং 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮' এর বিধি ৩ (খ) অনুযায়ী "অসদাচরণ" এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ।

যেহেতু, মিজ মোসাঃ নুশরাত জাহান শমী'র উক্তরূপ কর্মকাণ্ডের জন্য 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮' এর বিধি ৩ (খ) অনুযায়ী "অসদাচরণ" এর দায়ে তাঁর বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করে কৈফিয়ত তলব করা হয়; এবং

যেহেতু, উক্ত বিভাগীয় মামলায় অভিযুক্ত কর্মকর্তা কর্তৃক কৈফিয়তের জবাব দাখিল করে ব্যক্তিগত শুনানির প্রার্থনার পরিপ্রেক্ষিতে বিগত ০৪-০৯-২০২৫ খ্রি: তারিখে ব্যক্তিগত শুনানি অনুষ্ঠিত হয়। মিজ মোসাঃ নুশরাত জাহান শমী'র বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮' এর বিধি ৭ (২) (ঘ) অনুযায়ী অভিযোগ প্রমাণিত হলে গুরুদণ্ড আরোপের পর্যাপ্ত ভিত্তি থাকায় অভিযোগ তদন্তের জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়; এবং

যেহেতু, তদন্তকারী কর্মকর্তার দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে মিজ্ মোসাঃ নুশরাত জাহান শমী (২০০৬৩৮), উপ কর কমিশনার (সাময়িক বরখাস্তকৃত), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা কর্তৃক সামাজিক যোগাযোগ মাধ্যম whatsApp এর জয়েন্ট প্ল্যাটফর্মে একজন সরকারি দায়িত্বশীল কর্মকর্তা হিসেবে তাঁর সর্ব্বোচ্চ উর্ধ্বতন কর্মকর্তাকে নিয়ে অশোভন ও উস্কানীমূলক বক্তব্য প্রদান করা হয় এবং সামাজিক যোগাযোগ মাধ্যম whatsApp এর জয়েন্ট প্ল্যাটফমে যেসব মন্তব্য করেছেন তাতে জাতীয় রাজস্ব বোর্ডের ২২-০৬-২০২৫ খ্রি. তারিখের বদলি আদেশ অমান্যকারীদের সমর্থন করার বিষয়টি সুস্পষ্টভাবে প্রমাণিত হওয়ায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী আচরণ বিধিমালা, ১৯৭৯-এর ৩০এ বিধি লঙ্ঘন এবং 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮' এর বিধি ৩ (খ) অনুযায়ী "অসদাচরণ" এর অভিযোগ প্রমাণিত; এবং

যেহেতু, তাঁর কারণ দর্শানোর জবাব, ব্যক্তিগত শুনানীতে উভয় পক্ষের প্রদত্ত বক্তব্য, তদন্ত প্রতিবেদন এবং বিভাগীয় মামলা সংশ্লিষ্ট নথি ও অন্যান্য কাগজপত্রসহ প্রাসঙ্গিক সকল বিষয় পর্যালোচনায় তাঁর বিরুদ্ধে 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮' এর বিধি ৩ (খ) বিধি অনুযায়ী আনীত "অসদাচরণ" এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় একই বিধিমালার ৪(২)(ঘ) বিধি মোতাবেক তাঁকে 'বেতন গ্রেডের দুই ধাপ অবনমিতকরণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়;

সেহেতু, মিজ মোসাঃ নুশরাত জাহান শমী (২০০৬৩৮), উপ কর কমিশনার (সাময়িক বরখাস্তকৃত) বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা এর বিরুদ্ধে আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন ও সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনাক্রমে 'অসদাচরণ' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাঁকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮, এর ৪(২) (ঘ) বিধি মোতাবেক বেতন গ্রেডের দুই ধাপ অবনমিতকরণের অর্থাৎ বর্তমান মূল বেতন ৩৯,১৫০/-টাকার দুই ধাপ নিম্নে ৩৫,৫০০-/ টাকা মূল বেতনে অবনমিতকরণের লঘুদণ্ড প্রদান করা হলো। একই সঙ্গে তাঁর সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহার করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আবদুর রহমান খান**, এফসিএমএ
সচিব।

---

**অর্থনৈতিক সম্পর্ক বিভাগ**
**এডিবি-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২২ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ/০৫ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ

নং **০৯.০০.০০০০.০০০.১২৩.১৪.০০০৫.১৯.৩০**—আগামী ০৯ ফেব্রুয়ারি ২০২৬ তারিখ, রোজ সোমবার, বেলা: ১০.০০ টায় এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি)-এর সঙ্গে 'সাসেক ঢাকা-সিলেট করিডোর সড়ক উন্নয়ন' শীর্ষক প্রকল্পের খসড়া ঋণচুক্তি এবং তৎসংশ্লিষ্ট দলিলাদির উপর Loan Negotiation অনুষ্ঠিত হবে। এ লক্ষ্যে নিম্নোক্তভাবে বাংলাদেশ প্রতিনিধি দল গঠন করা হলো:

**দলনেতা**

১. জনাব এস এম জাকারিয়া হক, এডিবি অনুবিভাগ প্রধান, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ।

**সদস্যবৃন্দ**

২. জনাব আবু দাইয়ান মোহাম্মদ আহসানউল্লাহ, যুগ্মসচিব, ফাবা ও আইসিটি অনুবিভাগ, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ

৩. জনাব খাদিজা পারভীন, যুগ্মসচিব, এডিবি-১ অধিশাখা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ

৪. প্রকল্প পরিচালক, সাসেক ঢাকা-সিলেট করিডোর সড়ক উন্নয়ন প্রকল্প

৫. জনাব মাহমুদুল ইসলাম খান, উপসচিব, এডিবি-১ শাখা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ

৬. প্রতিনিধি, জাতীয় রাজস্ব বোর্ড

৭. প্রতিনিধি, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

৮. প্রতিনিধি, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ

৯. প্রতিনিধি, অর্থ বিভাগ

১০. প্রতিনিধি, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ

১১. প্রতিনিধি, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন

১২. প্রতিনিধি, সড়ক ও জনপথ অধিদপ্তর

২। বাংলাদেশ প্রতিনিধি দলের সকল সদস্য যথাসময়ে উক্ত Loan Negotiation-এ অংশগ্রহণ করবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মাহমুদুল ইসলাম খান**
উপসচিব।

---

**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**
**শুল্ক-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৪ মাঘ ১৪৩২/১৮ জানুয়ারি ২০২৬

নং **০৮.০০.০০০০.০৩৮.৬৫.০০৭.২৫-৬১**—যেহেতু, জনাব কে.এম.এম. সালেম, রাজস্ব কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, খুলনা (প্রাক্তন কর্মস্থল-কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর) এর বিরুদ্ধে 'অসদাচরণ' এর অভিযোগে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) অনুযায়ী বিভাগীয় ব্যবস্থা গৃহীত হয়েছে; এবং

০২। যেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ১২(১) অনুযায়ী কর্তৃপক্ষ তাঁকে চাকরি হতে সাময়িক বরখাস্ত করা প্রয়োজন ও সমীচীন মনে করে;

০৩। সেহেতু, উক্ত বিধিমালার বিধি ১২(১) অনুযায়ী জনাব কে.এম.এম. সালেম, রাজস্ব কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, খুলনা (প্রাক্তন কর্মস্থল-কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর)-কে চাকরি থেকে সাময়িক বরখাস্ত করা হলো। তিনি সাময়িক বরখাস্তকালে বিধি অনুযায়ী খোরপোষ ভাতা প্রাপ্য হবেন।

০৪। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আবদুর রহমান খান**, এফসিএমএ
সচিব।

---

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**আইন-২ শাখা**
**প্রজ্ঞাপন**

তারিখ: ২ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ/১৫ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ

নং **৪৪.০০.০০০০.০০০.২২৫.০৪.০০০৬.১৯.১৮**—এতদ্বারা আদিষ্ট হয়ে মৌলভীবাজার জেলার সদর থানার মামলা নং-০১, তারিখ-০২-১২-২০২১ খ্রি.,-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামী The Passport (Offences) Act, 1952-এর 3(1)(f) ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, মৌলভীবাজার-এর সুপারিশের পরিপ্রেক্ষিতে মামলাটির অভিযোগ দাখিল ও বিচারার্থে আমলে গ্রহণের নিমিত্ত একই আইনের ৩(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের পূর্বানুমোদন (sanction) জ্ঞাপন করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**নাইমা আফরোজ ইমা**
সিনিয়র সহকারী সচিব।

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৬**
**আদেশাবলি**

তারিখ: ০৫ ফাল্গুন ১৪৩২/১৮ ফেব্রুয়ারি ২০২৬

**বিষয়: নোটারিরূপে কাজ করার সার্টিফিকেট প্রদান।**

নং **১০.০০.০০০০.১৩০.১১.০৫৬.২৫.১৩৩**—The Notaries Ordinance, 1961 এর ৩ ধারায় অর্পিত ক্ষমতাবলে ঢাকা জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট জনাব রাশিদা পারভীন, পিতা-মোঃ দবীর হোসেন-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রে নোটারি হিসেবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ০৩ (তিন) বৎসর মেয়াদের জন্য নোটারিরূপে নিয়োগ দান করা হইল:

(ক) যদি তিনি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারিরূপে কাজ করিতে চান, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হওয়ার অন্তত তিন মাস পূর্বে তিনি উল্লিখিত অধ্যাদেশ এর ৫(২) ধারার অধীনে আবেদনপত্র পেশ করিবেন।

(খ) The Notaries Rules, 1964 এর ১৯ নং ফরমে তিনি প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসর নোটারিরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিররণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

নং **১০.০০.০০০০.১৩০.১১.০৮৩.২৫.১৩৪**—The Notaries Ordinance, 1961 এর ৩ ধারায় অর্পিত ক্ষমতাবলে বরগুনা জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট জনাব মুহাঃ ইছহাক, পিতা-মুহাঃ আলাউদ্দিন-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রে নোটারি হিসেবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ০৩ (তিন) বৎসর মেয়াদের জন্য নোটারিরূপে নিয়োগ দান করা হইল:

(ক) যদি তিনি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারিরূপে কাজ করিতে চান, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হওয়ার অন্তত তিন মাস পূর্বে তিনি উল্লিখিত অধ্যাদেশ এর ৫(২) ধারার অধীনে আবেদনপত্র পেশ করিবেন।

(খ) The Notaries Rules, 1964 এর ১৯ নং ফরমে তিনি প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরে নোটারিরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিররণী (রির্টান) সরকারের নিকট পেশ করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**হাসান মাহমুদুল ইসলাম**
যুগ্মসচিব (রেজিস্ট্রেশন)।

---

**গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়**
**প্রশাসন অনুবিভাগ-১**
**প্রশাসন শাখা-১**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ২০ মাঘ ১৪৩২/০৩ ফেব্রুয়ারি ২০২৬

নং **২৫.০০.০০০০.০৩৬.১২২.২৭.০০২৩.২৫-৬৯**—যেহেতু, আপনি জনাব মোহাম্মদ মোক্তার হোসেন দেওয়ান, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সিভিল) (রিজার্ভ), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা ও সাবেক তত্ত্বাবধায়ক প্রকৌশলী, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, চট্টগ্রামে কর্মরত থাকাকালীন সময় তার বিরুদ্ধে গত ১১ মে ২০২৫ তারিখ ঢাকা পোস্টে প্রকাশিত 'বিশ্বব্যাংকের টাকায় দখল করা জায়গায় মার্কেট করছে চসিক, ঘুমে গৃহায়ন' শীর্ষক সংবাদ প্রকাশিত হয়। সে প্রেক্ষিতে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের সদস্য জনাব এস এম সোহরাব হোসেনকে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা দাখিলকৃত প্রতিবেদনে "পত্রিকার ঘটনা সর্বতোভাবে সত্য মর্মে

প্রতীয়মান হয়। চট্টগ্রাম সিটি কর্পোরেশন বেআইনিভাবে উত্তর হালিশহর মৌজায় বিশ্বব্যাংকের অর্থায়নে কমিউনিটি সেন্টার কাম কিচেন মার্কেট একতলার ছাদ নির্মাণ করত: ২য় তলার কাজ শুরু করেছে। তবে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের অনুরোধের প্রেক্ষিতে নির্মাণকাজ আপাতত স্থগিত রয়েছে। চট্টগ্রামস্থ জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষে রক্ষিত নথি পত্র, উপস্থিত কর্মকর্তাদের বক্তব্য ও সরেজমিনে তদন্তে দেখা যায় যে, মাঠ পর্যায়ে কর্মরত কর্তকর্তাগণ ভূমি উন্নয়ন, সংস্কার, দখল হস্তান্তর, অবৈধ দখলদার উচ্ছেদ, নির্মাণ কাজে তদারকির চেয়ে ভূমি ব্যবস্থাপনা (জমি হস্তান্তর, নামজারীর অনাপত্তি, বন্ধক অনুমতি ইত্যাদি) কাজ করতে অধিক মাত্রায় আগ্রহী হওয়ায় জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের তর্কিত এ মূল্যবান সম্পত্তি বেহাত হয়েছে। তিনি সঠিকভাবে দায়িত্ব পালন করেননি মর্মে প্রতীয়মান হয়"। উক্ত অভিযোগের পরিপ্রেক্ষিতে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ এর উপবিধি (খ) অনুযায়ী "অসদাচরণ" এর দায়ে ০৪/২০২৫ নম্বর বিভাগীয় মামলা রুজু করে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী তার বর্তমান ও স্থায়ী ঠিকানায় প্রেরণ করা হয়;

০২। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা জনাব মোহাম্মদ মোক্তার হোসেন দেওয়ান ২০/১২/২০২৫ তারিখ কারণ দর্শানোর নোটিশের জবাব দাখিল করেন। দাখিলকৃত জবাবের আলোকে ০১/০২/২০২৬ তারিখ তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। শুনানীকালে অভিযুক্ত কর্মকর্তা ও গণপূর্ত অধিদপ্তরের প্রতিনিধি ঢাকা গণপূর্ত সার্কেল-৪, ঢাকা এর তত্ত্বাবধায়ক প্রকৌশলী জনাব মুহাম্মদ মনিরুজ্জামান বক্তব্য পেশ করেন। দাখিলকৃত জবাব পর্যালোচনা এবং শুনানীঅন্তে অভিযুক্তের বক্তব্য সন্তোষজনক প্রতীয়মান হওয়ায় তার বিরুদ্ধে আনীত অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

০৩। সেহেতু, জনাব মোহাম্মদ মোক্তার হোসেন দেওয়ান, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সিভিল)(রিজার্ভ), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা ও সাবেক তত্ত্বাবধায়ক প্রকৌশলী, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, চট্টগ্রাম-এর বিভাগীয় মামলা সংশ্লিষ্ট নথি, দাখিলকৃত কাগজপত্রাদি পর্যালোচনা করে তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত না হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগে রুজুকৃত ০৪/২০২৫ নম্বর বিভাগীয় মামলা হতে তাকে সর্তক করে অব্যাহতি প্রদান করা হলো।

০৪। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ: ০৩ ফাল্গুন ১৪৩২/১৬ ফেব্রুয়ারি ২০২৬

নং **২৫.০০.০০০০.০৩৬.১২২.২৭.০০২২.২৫-৭৮**—যেহেতু, আপনি জনাব এ জেড এম শফিউল হান্নান, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব)/পরিচালক, পিডব্লিউডি ট্রেনিং একাডেমী ও টেস্টিং ল্যাবরেটরী, ঢাকা ও সাবেক নির্বাহী প্রকৌশলী, কুষ্টিয়া গণপূর্ত বিভাগে গত ২৬-০৯-২০১৭ হতে ০৭-০২-২০১৯ তারিখ পর্যন্ত কর্মরত ছিলেন। কুষ্টিয়া গণপূর্ত বিভাগে কর্মরত থাকা অবস্থায় 'কুষ্টিয়া মেডিকেল কলেজ ও হাসপাতাল স্থাপন' শীর্ষক প্রকল্পের স্টাফ নার্স ডরমেটরি ভবন এবং একাডেমিক ভবন নির্মাণে অনিয়ম/দুর্নীতির সাথে জড়িত কর্মকর্তাদের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের জন্য একটি কমিটি গঠন করা হয়। গঠিত কমিটি কর্তৃক উক্ত প্রকল্পের অনুমোদিত ডিপিপি, সংশোধিত অনুমোদিত ডিপিপি, দরপত্র সংশ্লিষ্ট সকল কাগজ-পত্রাদি তথা-দরপত্রের প্যাকেজ, ভবন নির্মাণে দরপত্র আহবানের লক্ষ্যে প্রণীত ব্যয় প্রাক্কলন এবং প্রক্কলন প্রণয়নকারী, সুপারিশকারী ও অনুমোদনকারী কর্মকর্তাদের ভূমিকা, দরপত্র মূল্যায়ন প্রতিবেদন, ঠিকাদারের সাথে সম্পাদিত চুক্তিপত্র ইত্যাদি পর্যালোচনা, একনেক সভার সিদ্ধান্তের আলোকে আইএমইডি কর্তৃক গঠিত কমিটির প্রতিবেদন, স্টাফ নার্স ডরমেটরি ভবন এবং একাডেমিক ভবন নির্মাণে মূল অনুমোদিত ডিপিপি'র সংস্থান, ডিপিপি'র ব্যত্যয়/Scope of Work পরিবর্তন হয়েছে কি-না ইত্যাদিসহ এতদসংশ্লিষ্ট বিভিন্ন প্রতিবেদন/বিষয়াদি পর্যালোচনা এবং কমিটি কর্তৃক তদন্ত কার্যক্রম পরিচালনা করে বিস্তারিত প্রতিবেদন দাখিল করা হয়। তদন্ত প্রতিবেদনের পর্যবেক্ষণ ও সুপারিশের আলোকে তাঁর কর্মকালীন সময়ে 'কুষ্টিয়া মেডিকেল কলেজ ও হাসপাতাল স্থাপন' শীর্ষক প্রকল্পের স্টাফ নার্স ডরমেটরি ভবনটি ৩য় ও ৪র্থ তলা এবং একাডেমিক ভবনের ৫ম ও ৬ষ্ঠ তলা নির্মাণ ও ঠিকাদার নিয়োগে দাপ্তরিক প্রাক্কলন অনুমোদনের পূর্বেই দরপত্র আহবান, দরপত্র সুপারিশ ও অনুমোদন এবং চুক্তি সম্পাদন ইত্যাদি কাজগুলোতে পরিকল্পনা শৃঙ্খলার ব্যত্যয় ও অনিয়মের সাথে তিনি সংশ্লিষ্ট ছিলেন। উক্ত অভিযোগের পরিপ্রেক্ষিতে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ এর উপবিধি (খ) অনুযায়ী "অসদাচরণ" এর দায়ে ০৫/২০২৫ নম্বর বিভাগীয় মামলা রুজু করে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী তার বর্তমান ও স্থায়ী ঠিকানায় প্রেরণ করা হয়;

০২। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা জনাব এ জেড এম শফিউল হান্নান ১১/০১/২০২৬ তারিখ কারণ দর্শানোর নোটিশের জবাব দাখিল করেন। দাখিলকৃত জবাবের আলোকে ০২/০২/২০২৬ তারিখ তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। শুনানীকালে অভিযুক্ত কর্মকর্তা ও গণপূর্ত অধিদপ্তরের প্রতিনিধি ঢাকা গণপূর্ত সার্কেল-২, ঢাকা এর তত্ত্বাবধায়ক প্রকৌশলী জনাব ড. আবু নাসের চৌধুরী বক্তব্য পেশ করেন। দাখিলকৃত জবাব পর্যালোচনা এবং শুনানী অন্তে অভিযুক্তের বক্তব্য সন্তোষজনক প্রতীয়মান হওয়ায় তার বিরুদ্ধে আনীত অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

০৩। সেহেতু, জনাব এ জেড এম শফিউল হান্নান, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব)/পরিচালক, পিডব্লিউডি ট্রেনিং একাডেমী ও টেস্টিং ল্যাবরেটরী, ঢাকা ও সাবেক নির্বাহী প্রকৌশলী, কুষ্টিয়া গণপূর্ত বিভাগ-এর বিভাগীয় মামলা সংশ্লিষ্ট নথি, দাখিলকৃত কাগজপত্রাদি পর্যালোচনা করে তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত না হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগে রুজুকৃত ০৫/২০২৫ নম্বর বিভাগীয় মামলা হতে তাকে সর্তক করে অব্যাহতি প্রদান করা হলো।

০৪। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ নজরুল ইসলাম**
সচিব।

---

**তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়**
**চলচ্চিত্র-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২২ মাঘ ১৪৩২/০৫ ফেব্রুয়ারি ২০২৬

নং **১৫.০০.০০০০.০২৭.২২.০০১.১৮-৪৩**—বাংলাদেশ চলচ্চিত্র সার্টিফিকেশন আইন, ২০২৩ এর ধারা ৩ এর উপ-ধারা (১) এর প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নবর্ণিতভাবে 'বাংলাদেশ চলচ্চিত্র সার্টিফিকেশন বোর্ড' গঠন করা হলো:

**চেয়ারম্যান**

০১. সিনিয়র সচিব/সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়;

**সদস্যবৃন্দ**

০২. অতিরিক্ত সচিব (চলচ্চিত্র), তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়;

০৩. প্রতিনিধি, আইন ও বিচার বিভাগ (অন্যূন যুগ্মসচিব পদমর্যাদার একজন কর্মকর্তা);

০৪. প্রতিনিধি, প্রেস উইং, প্রধান উপদেষ্টার কার্যালয় (অন্যূন যুগ্মসচিব পদমর্যাদার একজন কর্মকর্তা);

০৫. প্রতিনিধি, স্বরাষ্ট্র মন্ত্রণালয় (অন্যূন যুগ্মসচিব পদমর্যাদার একজন কর্মকর্তা);

০৬. ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন, ঢাকা;

০৭. বাংলাদেশ চলচ্চিত্র প্রযোজক পরিবেশক সমিতির একজন প্রতিনিধি বা একজন প্রথিতযশা প্রযোজক;

০৮. বাংলাদেশ চলচ্চিত্র পরিচালক সমিতির একজন প্রতিনিধি বা একজন প্রথিতযশা পরিচালক;

০৯. বাংলাদেশ চলচ্চিত্র শিল্পী সমিতির একজন প্রতিনিধি বা একজন স্বনামধন্য অভিনেতা বা অভিনেত্রী;

১০. বাংলাদেশ চলচ্চিত্র প্রদর্শক সমিতির একজন প্রতিনিধি;

১১. জনাব রফিকুল আনোয়ার রাসেল, চলচ্চিত্র প্রযোজক ও পরিচালক;

১২. জনাব মুনির মাহমুদ প্রিন্স (প্রিন্স মাহমুদ, সংগীত) পরিচালক;

১৩. কাজী নওশাবা আহমেদ, চলচ্চিত্র অভিনেত্রী;

১৪. জনাব তাসমিয়া আফরিন মৌ, চলচ্চিত্র পরিচালক;

**সদস্য সচিব**

১৫. ভাইস চেয়ারম্যান, বাংলাদেশ চলচ্চিত্র সার্টিফিকেশন বোর্ড, ঢাকা।

০২। তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের ১৪-০১-২০২৬ তারিখের ১৫.০০.০০০০.০২৭.২২.০০১.১৮-১৩ সংখ্যক প্রজ্ঞাপনমুলে গঠিত বোর্ড এতদ্বারা বাতিল করা হলো।

০৩। ইহা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**তসলিমা নূর হোসেন**
উপসচিব।

---

**[একই নম্বর ও তারিখের স্থলাভিষিক্ত]**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৫ মাঘ ১৪৩২/২৯ জানুয়ারি ২০২৬

নং **১৫.০০.০০০০.০৪১.০২৭.২৩.০০২.২৩.৪৪**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার নিম্নোক্ত ২৮টি ক্ষেত্রে ৩০(ত্রিশ) চলচ্চিত্র/বিশিষ্ট শিল্পী/কলাকুশলীকে স্ব স্ব নামের পার্শ্বে বর্ণিত ক্ষেত্রে বিশেষ কৃতিত্বের স্বীকৃতিস্বরূপ 'জাতীয় চলচ্চিত্র পুরস্কার-২০২৩' প্রদানের ঘোষণা করছে:

| ক্রম | পুরস্কারের ক্ষেত্র | | ব্যক্তির নাম | |
|---|---|---|---|---|
| ১. | জীবনব্যাপী অর্জন | যুগ্ম | ১. তারেক মাসুদ, চলচ্চিত্রকার (মরণোত্তর)<br>২. আব্দুল লতিফ বাচ্চু, চিত্রগ্রাহক ও চলচ্চিত্র নির্মাতা (মরণোত্তর) | |
| | | | **ব্যক্তি/প্রতিষ্ঠানের নাম** | **চলচ্চিত্রের নাম** |
| ২. | শ্রেষ্ঠ চলচ্চিত্র | | কে. এম. হালিমুজ্জামান (খন্দকার সুমন) | সাঁতাও |
| ৩. | শ্রেষ্ঠ স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র | | চৈত্রালী সমদ্দার | মরিময় |
| ৪. | শ্রেষ্ঠ প্রামাণ্য চলচ্চিত্র | | এলিজা বিনতে এলাহী | লীলাবতী নাগ: দ্য রেবেল |
| ৫. | শ্রেষ্ঠ চলচ্চিত্র পরিচালক | | কে. এম. হালিমুজ্জামান (খন্দকার সুমন) | সাঁতাও |
| ৬. | শ্রেষ্ঠ অভিনেতা প্রধান চরিত্রে | | আহাম্মেদ ফজলে রাব্বি আফরান নিশো (আফরান নিশো) | সুড়ঙ্গ |
| ৭. | শ্রেষ্ঠ অভিনেতা প্রধান চরিত্রে | | আইনুন নাহার (আইনুন পুতুল) | সাঁতাও |
| ৮. | শ্রেষ্ঠ অভিনেতা পার্শ্ব চরিত্রে | | মনির আহাম্মেদ (শাকিল) | সুড়ঙ্গ |
| ৯. | শ্রেষ্ঠ অভিনেত্রী পার্শ্ব চরিত্রে | | নাজিয়া হক (নাজিয়া হক অর্ষা) | ওরা সাত জন |
| ১০. | শ্রেষ্ঠ অভিনেতা/অভিনেত্রী খল চরিত্রে | | খন্দকার রশিদ আহমেদ (আশীষ খন্দকার) | অ্যাডভেঞ্চার অব সুন্দরবন |
| ১১. | শ্রেষ্ঠ অভিনেতা/অভিনেত্রী কৌতুক চরিত্রে | | শহীদুজ্জামান সেলিম | সুড়ঙ্গ |
| ১২. | শ্রেষ্ঠ শিশু শিল্পী | | মোঃ লিয়ন | আম কাঁঠালের ছুটি |
| ১৩. | শিশু শিল্পী শাখায় বিশেষ পুরস্কার | | আরিফ হাসান আনাইরা খান | আম কাঁঠালের ছুটি |
| ১৪. | শ্রেষ্ঠ সংগীত পরিচালক | | মোস্তাফিজুর রহমান চৌধুরী ইমন (ইমন চৌধুরী) | অ্যাডভেঞ্চার অব সুন্দরবন |
| ১৫. | শ্রেষ্ঠ নৃত্য পরিচালক | | হাবিবুর রহমান | লাল শাড়ি |
| ১৬. | শ্রেষ্ঠ গায়ক | | কাজী মোঃ আলী জাহাঙ্গীর (বালাম)-ও প্রিয়তমা | প্রিয়তমা |
| ১৭. | শ্রেষ্ঠ গায়িকা | | অবন্তী দেব সিঁথি (গোটা পৃথিবীতে খুঁজো.. এ গাঁ ছুঁয়ে বলো) | সুড়ঙ্গ |
| ১৮. | শ্রেষ্ঠ গীতিকার | | মোঃ অলিউল্লাহ (সোমেশ্বর অলি)-ঈশ্বর.. | প্রিয়তমা |
| ১৯. | শ্রেষ্ঠ সুরকার | | মুনির মাহমুদ প্রিন্স (প্রিন্স মাহমুদ)- ঈশ্বর.. | প্রিয়তমা |
| ২০. | শ্রেষ্ঠ কাহিনিকার | | ফারুক হোসেন | প্রিয়তমা |
| ২১. | শ্রেষ্ঠ চিত্রনাট্যকার | | মোঃ নিয়ামুল হাসান (নিয়ামুল মুক্তা) | রক্তজবা |
| ২২. | শ্রেষ্ঠ সংলাপ রচয়িতা | যুগ্ম | ১। রায়হান রাফী চৌধুরী (রায়হান রাফী)<br>২। সৈয়দ নাজিম উদদৌলা | সুড়ঙ্গ |
| ২৩. | শ্রেষ্ঠ সম্পাদক | | মোঃ সালাহ উদ্দিন আহমেদ বাবু | ওরা সাত জন |
| ২৪. | শ্রেষ্ঠ শিল্প নির্দেশক | | শহীদুল ইসলাম | সুড়ঙ্গ |
| ২৫. | শ্রেষ্ঠ চিত্রগ্রাহক | | সুমন কুমার সরকার | সুড়ঙ্গ |
| ২৬. | শ্রেষ্ঠ শব্দ গ্রাহক | | সুজন মাহমুদ | সাঁতা |
| ২৭. | শ্রেষ্ঠ পোশাক ও সাজ-সজ্জা | | বীথি আফরীন | সুড়ঙ্গ |
| ২৮. | শ্রেষ্ঠ মেক-আপম্যান | | সবুজ | প্রিয়তমা |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মাহবুবা ফারজানা**
সচিব।

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৯ মাঘ ১৪৩২/০২ ফেব্রুয়ারি ২০২৬

নং **১৫.০০.০০০০.০২৭.২৭.০০১.১৯.৪৯**—বাংলাদেশ চলচ্চিত্র সার্টিফিকেশন বোর্ডের ১৯-১১-২০২৫ তারিখের ৫২৫ নম্বর স্মারকের মাধ্যমে 'বাপজান' চলচ্চিত্রটি জনগণের মধ্যে প্রদর্শন উপযোগী নয় মর্মে সংশ্লিষ্ট ছবির প্রযোজক জনাব তাজুল ইসলাম, প্রযোজক, টি এইচ মাল্টিমিডিয়া, ১৭ নিউ ইস্কাটন, রমনা, ঢাকাকে পত্র দিয়ে জানিয়ে দেয়া হয়; যা তিনি ১৯-১১-২০২৫ তারিখে গ্রহণ করেন। 'বাংলাদেশ চলচ্চিত্র সার্টিফিকেশন আইন, ২০২৩'-এর ১২ (১) উপ-ধারা মোতাবেক বোর্ডের সিদ্ধান্তের বিরুদ্ধে আপীল দায়েরকারী ব্যক্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে আপিল আবেদন করার বিধান থাকলেও তিনি তা লংঘন করে নির্ধারিত সময়ের ৬৬ দিন পর আবেদন দাখিল করায় আবেদনটি বিবেচনা করার সুযোগ নেই।

০২। এমতাবস্থায়, 'বাংলাদেশ চলচ্চিত্র সার্টিফিকেশন আইন, ২০২৩' -এর ১২ (১) উপ-ধারা মোতাবেক আবেদনটি নাকচ করা হলো।

০৩। আপিল আবেদন নাকচের কারণে বর্ণিত চলচ্চিত্রটি সার্টিফিকেশনবিহীন চলচ্চিত্র হিসেবে বিবেচিত হওয়ায় সমগ্র বাংলাদেশে চলচ্চিত্রটির প্রদর্শনী নিষিদ্ধ করা হলো এবং চলচ্চিত্রটি কোথাও প্রদর্শিত হলে তা বাজেয়াপ্তকরণসহ সংশ্লিষ্টদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**তসলিমা নূর হোসেন**
উপসচিব।

---

**ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়**
**ডাক ও টেলিযোগাযোগ বিভাগ**
**কোম্পানি-১ শাখা**
**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ২২ মাঘ ১৪৩২/০৫ ফেব্রুয়ারি ২০২৬

নং **১৪.০০.০০০০.০০৮.২৭.০২৫.১৪-২৬**—বিসিএস (টেলিযোগাযোগ) ক্যাডার এর কর্মকর্তা জনাব আবু হেনা মোস্তফা সালাম (২২৫৪), উপ-বিভাগীয় প্রকৌশলী, এন, ডব্লিউ, ডি বিটিসিএল, রমনা, ঢাকা এর বিরুদ্ধে দুর্নীতি দমন কমিশন কর্তৃক দায়েরকৃত বনানী থানার ৪০/২০১৩ নং মামলায় বিজ্ঞ আদালতে চার্জশীট দাখিল হওয়ায় তাকে সরকারি চাকরি হতে সাময়িক বরখাস্ত করা হয়। বিজ্ঞ বিশেষ জজ আদালত-৪, ঢাকা কর্তৃক মামলা নং-১৬/২০১৯ [বনানী থানার মামলা নং ৪০/২০১৩, এসিসি জি. আর নং-৮৮/২০১৩ হতে উদ্ভূত] এর আদেশ নং-২৬৭, তারিখ: ২৮/১০/২০২৫ খ্রিঃ এর মাধ্যমে জনাব আবু হেনা মোস্তফা সালামকে আনীত অভিযোগ হতে খালাস প্রদান করায় এ বিভাগের ১৫ জুলাই ২০১৪ তারিখের ১৪.০০.০০০০.০০৮.২৭.০২৫.১৪-২১৪ নং প্রজ্ঞাপনমূলে সাময়িক বরখাস্তকৃত জনাব আবু হেনা মোস্তফা সালাম এর সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহার করে তাঁকে চাকরিতে পুনর্বহাল করা হলো। তার সাময়িক বরখাস্তকাল চাকরিকাল হিসেবে গণ্য হবে এবং তিনি বিধি মোতাবেক বকেয়া বেতন-ভাতাদি প্রাপ্য হবেন।

০২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **১৪.০০.০০০০.০০৮.২৭.০২৫.১৪-২৭**—বিসিএস (টেলিযোগাযোগ) ক্যাডার এর কর্মকর্তা জনাব মোঃ বদিউল আলম (২২৬৯), বিভাগীয় প্রকৌশলী (রেডিও ট্রান্সমিশন) বিটিসিএল, মহাখালী, ঢাকা এর বিরুদ্ধে দুর্নীতি দমন কমিশন কর্তৃক দায়েরকৃত বনানী থানার ৪০/২০১৩ নং মামলায় বিজ্ঞ আদালতে চার্জশীট দাখিল হওয়ায় তাকে সরকারি চাকরি হতে সাময়িক বরখাস্ত করা হয়। বিজ্ঞ বিশেষ জজ আদালত-৪, ঢাকা কর্তৃক দুদকের মামলা নং-১৬/২০১৯ [বনানী মামলা নং ৪০/২০১৩, এসিসি জি.আর নং-৮৮/২০১৩ হতে উদ্ভূত] এর আদেশ নং-২৬৭, তারিখ: ২৮/১০/২০২৫ খ্রিঃ এর মাধ্যমে জনাব মোঃ বদিউল আলমকে আনীত অভিযোগ হতে খালাস প্রদান করায় এ বিভাগের ১৫ জুলাই ২০১৪ তারিখের ১৪.০০.০০০০.০০৮.২৭.০২৫.১৪-২১৩ নং প্রজ্ঞাপনমূলে সাময়িক বরখাস্তকৃত জনাব মোঃ বদিউল আলম এর সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহার করে তাঁকে চাকরিতে পুনর্বহাল করা হলো। তার সাময়িক বরখাস্তকাল চাকরিকাল হিসেবে গণ্য হবে এবং তিনি বিধি মোতাবেক বকেয়া বেতন-ভাতাদি প্রাপ্য হবেন।

০২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আব্দুন নাসের খান**
সচিব।

---

**বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়**
**সিএ-৩ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৫ মাঘ ১৪৩২ ব/২৯ জানুয়ারি ২০২৬ খ্রি.

নং **৩০.০০.০০০০.০২৬.০৬.০০১.২৪-০৪**—ICAO Annex 14 এবং ICAO Doc 9137 অনুসরণপূর্বক বাংলাদেশের বিমানবন্দরসমূহে নিরাপদে বিমান উড্ডয়ন ও অবতরণ নিশ্চিতকল্পে পাখিসহ বন্যপ্রাণীর চলাচল নিয়ন্ত্রণে কার্যকর পদক্ষেপ গ্রহণের লক্ষ্যে বিভিন্ন মন্ত্রণালয়/প্রতিষ্ঠান/সংস্থার নিম্নবর্ণিত কর্মকর্তাদের সমন্বয়ে ''National Committee For Wildlife Hazard Management at the Airports of Bangladesh" শীর্ষক কমিটি গঠন করা হলো:

**সভাপতি**

০১. মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপদেষ্টা, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়;

**সদস্যবৃন্দ**

০২. সচিব বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়;

০৩. চেয়ারম্যান, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ;

০৪. প্রধান নির্বাহী কর্মকর্তা/উপজেলা নির্বাহী অফিসার, সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন/পৌরসভা/উপজেলা

০৫. বিমান ও সিএ অনুবিভাগের প্রধান, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়:

০৬. সদস্য (পরিচালনা ও পরিকল্পনা), বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ;

০৭. স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্মসচিবের নিম্নে নয়);

০৮. কৃষি মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্মসচিবের নিম্নে নয়);

০৯. মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্মসচিবের নিম্নে নয়);

১০. পরিবেশ বন ও জলবায়ু পরিবর্তন বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্মসচিবের নিম্নে নয়);

১১. স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্মসচিবের নিম্নে নয়);

১২. সশস্ত্র বাহিনী বিভাগের প্রতিনিধি;

১৩. বিমান দুর্ঘটনা ও মারাত্মক ঘটনা তদন্ত কমিটির প্রতিনিধি;

১৪. নির্বাহী পরিচালক/পরিচালক/বিমানবন্দর ব্যবস্থাপক, সংশ্লিষ্ট বিমানবন্দর;

১৫. চেয়ারপারসন, এয়ারলাইন অপারেটরস কমিটি, ঢাকা;

১৬. সভাপতি, এভিয়েশন অপারেটরস এসোসিয়েশন অব বাংলাদেশ;

১৭. বাংলাদেশ পাইলট এসোসিয়েশন এর প্রতিনিধি;

**সদস্য সচিব**

১৮. সদস্য, এয়ার ট্রাফিক ম্যানেজমেন্ট, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ;

কমিটি আলোচ্যসূচিতে সংশ্লিষ্ট বিষয় অন্তর্ভুক্তি সাপেক্ষে বিমানবন্দর এলাকার সাথে সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন বা পৌরসভা বা উপজেলার প্রধান নির্বাহী কর্মকর্তা বা উপজেলা নির্বাহী অফিসার এবং সংশ্লিষ্ট বিমানবন্দরের নির্বাহী পরিচালক অথবা পরিচালক অথবা বিমানবন্দর ব্যবস্থাপককে কমিটির সদস্য হিসাবে আমন্ত্রণ জানাতে পারবে।

০২। **কমিটির কার্যপরিধি:**

(১) ICAO Annex 14 এবং ICAO Doc 9137 অনুসরণপূর্বক বাংলাদেশের বিমানবন্দরসমূহে নিরাপদে বিমান উড্ডয়ন ও অবতরণ নিশ্চিতকল্পে পাখিসহ বন্যপ্রাণীর চলাচল নিয়ন্ত্রণে কার্যকর পদক্ষেপ গ্রহণ করবে এবং গৃহীত পদক্ষেপ পর্যালোচনা করবে;

(২) বিশেষজ্ঞদের দ্বারা বিমানবন্দর ও তার আশেপাশের এলাকায় উড়োজাহাজের সাথে বন্যপ্রাণীর সংঘাতের ঝুঁকি নির্ণয় করবে;

(৩) বিমানবন্দরে বন্যপ্রাণীর সাথে উড়োজাহাজের সংঘাতের ঝুঁকি ব্যবস্থাপনার বিষয়ে সচেতনতা সৃষ্টির পদক্ষেপ গ্রহণ করবে;

(৪) বন্যপ্রাণীর সাথে উড়োজাহাজের সংঘাতের ঝুঁকি হ্রাসে নতুন প্রযুক্তি ও পদ্ধতির প্রয়োগ যাচাই এবং তা ব্যবহারের নিমিত্ত প্রশিক্ষণ কার্যক্রম গ্রহণ করবে;

(৫) বিমানবন্দর এলাকায় বন্যপ্রাণী ব্যবস্থাপনা সর্ম্পকে নতুন গবেষণা ও তদন্ত কার্যক্রম পরিচালনা করবে;

(৬) বিমানবন্দরে বন্যপ্রাণী ব্যবস্থাপনার সাথে প্রাসঙ্গিক জাতীয় ও আন্তর্জাতিক আইন ও বিধি বিধানের প্রয়োগ পর্যালোচনা করবে;

(৭) উড়োজাহাজ চলাচলে ঝুঁকি সৃষ্টিকারী বন্যপ্রাণীর জীবনচক্র, আচরণ, সংখ্যা বৃদ্ধির প্রবণতা, আবাস ও জমায়েতের স্থান সর্ম্পকে তথ্য সংগ্রহ ও পর্যালোচনা করবে;

(৮) জাতীয় পর্যায়ে উড়োজাহাজের সাথে বন্যপ্রাণীর সংঘাত প্রবণতা বিষয়ক তথ্য সংগ্রহ ও পর্যালোচনা করবে; এবং

(৯) কমিটি কর্তৃক প্রতি ০৩ (তিন) মাসে একবার সভা অনুষ্ঠান করবে। তবে জরুরি প্রয়োজনে যেকোনো সময় সভা আহবান করা যাবে।

০৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**রুমানা ইয়াসমিন**
উপসচিব।

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**
**স্বাস্থ্য সেবা বিভাগ**
**শৃঙ্খলা অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৬ ফেব্রুয়ারি ২০২৬ খ্রি.

নং **৪৫.০০.০০০০.১২২.২৭.০০৮.২০২০-১৬৬**—যেহেতু ডা. এ.এইচ.এম. নূরুল ইসলাম খান (১০৯৮৭৭), উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, নগরকান্দা, ফরিদপুর এর বিরুদ্ধে পূর্ববর্তী কর্মস্থল ফরিদপুর মেডিকেল কলেজ হাসপাতালে কর্মরত থাকাবস্থায় ২০১৪-১৫ অর্থবছরে উক্ত হাসপাতালের জন্য এমএসআর সরঞ্জাম ক্রয় কার্যক্রমে যাচাই কমিটির সদস্য হিসেবে সঠিকভাবে দায়িত্ব পালন ও দর যাচাই না করা, তিনটি প্রতিষ্ঠানের নামে প্যাডে ভুয়া দর দেখিয়ে মেডিকেল যন্ত্রপাতি ও সরঞ্জামাদির উচ্চ মূল্য নির্ধারণ করে বাজারদর দাখিল করায় সরকারের আর্থিক ক্ষতি সাধন/আত্মসাৎ করার চেষ্টার অভিযোগ পাওয়া যায়;

যেহেতু, উক্ত অভিযোগের ভিত্তিতে ২০-০১-২০২০ খ্রি. তারিখের ৫৮ নং স্মারকে সংশ্লিষ্ট কর্মকর্তাকে চাকরি থেকে সাময়িকভাবে বরখাস্ত করা হয়;

যেহেতু, গত ০৪-০১-২০২১ খ্রি. তারিখের ০৪ নং স্মারকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(ঘ) মোতাবেক অসদাচরণ ও দুর্নীতির দায়ে বিভাগীয় মামলা রুজু করা হয়;

যেহেতু, তিনি কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল করেন এবং গত ৩০.০৭.২০২৫ খ্রি. তারিখে তার শুনানি গ্রহণ করা হয়;

যেহেতু, শুনানিতে অভিযুক্ত কর্মকর্তার জবাব সন্তোষজনক না হওয়ায় উক্ত বিধিমালার বিধি ৭(২)(ঘ) মোতাবেক তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হলে তদন্ত কর্মকর্তা তদন্ত প্রতিবেদন দাখিল করেন;

যেহেতু উক্ত তদন্ত প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, সংশ্লিষ্ট কর্মকতার অপরাধ প্রমাণিত না হওয়ায় তিনি দুর্নীতি দমন কমিশন (দুদক) কর্তৃক অব্যাহতি পেয়েছেন;

সেহেতু ডা.এ.এইচ.এম. নূরুল ইসলাম খান-কে অভিযোগ থেকে অব্যাহতি প্রদান করে বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হলো। পাশাপাশি, সাময়িক বরখাস্তকরণ সংক্রান্ত স্বাস্থ্য সেবা বিভাগের ২০.০১.২০২০ খ্রি. তারিখের ৫৮ নং স্মারকে জারীকৃত প্রজ্ঞাপনটি প্রত্যাহার করা হলো। তার সাময়িক বরখাস্তের সময়কে বিধি মোতাবেক কর্মকাল হিসেবে গণ্য করার জন্য বলা হলো।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মো: সাইদুর রহমান**
সচিব।